# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৪৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য “কী ব্যাপার! আমার সাথে কুরআন নিয়ে টানাটানি করা হচ্ছে!” যেই হাদীস অন্তর থেকে এই সংশয় দূর করে দেয় যে, উক্ত বক্তব্য দ্বারা উদ্দেশ্য হলো জোরে কিরা‘আত পড়া নাকচ করা; ইমামের পিছনে কিরা‘আত পাঠ করা নাকচ করা উদ্দেশ্য নয়

ذِكْرُ خَبَرٍ يَنْفِي الرَّيْبَ عَنِ الْخَلَدِ بِأَنَّ قَوْلَهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَا لِي أنازع القرآن) أراد به رفع الصوت لا القراءة خلفه

---

আরবী

1849 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ قَالَ: حدثنا فرج بْنُ رَوَاحَةَ قَالَ: حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عَمْرٍو الرَّقِّيُّ عَنْ أَيُّوبَ عَنْ أَبِي قِلَابَةَ عَنْ أَنَسٍ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى بِأَصْحَابِهِ فَلَمَّا قَضَى صَلَاتَهُ أقبل عليهم بوجهه فقال: (أتقرؤون فِي صَلَاتِكُمْ خَلْفَ الْإِمَامِ وَالْإِمَامُ يَقْرَأُ)؟ فَسَكَتُوا قَالَهَا ثَلَاثَ مَرَّاتٍ فَقَالَ قَائِلٌ أَوْ قَائِلُونَ: إِنَّا لَنَفْعَلُ قَالَ: (فَلَا تَفْعَلُوا وَلْيَقْرَأْ أَحَدُكُمْ بفاتحة الكتاب في نفسه)

الراوي : أَنَس | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1849 | خلاصة حكم المحدث: ضعيف بهذا السياق ـ ((ضعيف الموارد)) (37/ 458 ـ 459).

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: سَمِعَ هَذَا الْخَبَرَ أَبُو قِلَابَةَ عَنْ مُحَمَّدِ بْنِ أَبِي عَائِشَةَ عَنْ بَعْضِ أَصْحَابِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَسَمِعَهُ مِنْ أَنَسِ بْنِ مَالِكٍ فَالطَّرِيقَانِ جَمِيعًا مَحْفُوظَانِ.

বাংলা

১৮৪৯. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার তাঁর সাহাবীদের নিয়ে সালাত আদায় করেন, অতঃপর যখন তিনি সালাত শেষ করেন, তখন তিনি তাদের

মুখোমুখি হন এবং বলেন, “ইমাম যখন কিরা‘আত পাঠ করে, তখন  তোমরা কি ইমামের পিছনে কিরা‘আত পাঠ করো?” লোকজন তখন চুপ থাকেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এটি তিনবার বলেন। তখন একজন অথবা কয়েকজন বলেন, “আমরা এরকম করি।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “এরকম করবে না। বরং তোমরা মনে মনে সূরা ফাতিহা পাঠ করবে।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “এই হাদীসটি আবূ কিলাবাহ মুহাম্মাদ বিন আবূ আয়িশার সূত্রে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কোন এক সাহাবী থেকে বর্ণনা করেছেন এবং তিনি আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকেও শুনেছেন। আর দুটো সানাদই মাহফূয বা সহীহ।”

## ফুটনোট

[1] দারাকুতনী: ১/৩৪০; সুনান বাইহাকী: ২/১৬৬; ইমাম বাইহাকী, আল কিরা‘আত খলফাল ইমাম: ১৭৫।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে এই প্রেক্ষাপটে য‘ঈফ বলেছেন। (য‘ঈফ আল মাওয়ারিদ: ৩৭/৪৫৮-৪৫৯)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91065

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন